# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৯৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি এই হাদীসটির প্রকৃত উদ্দেশ্য থেকে বিকৃতি করে এবং বলে যে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে সালাত পুনরায় আদায় করার নির্দেশ দিয়েছেন তার ব্যাপারে এমন কিছু জেনেছিলেন, যা আমরা জানি না-তার কথা অপনোদনকারী হাদীস

## ذِكْرُ الْخَبَرِ الْمُدْحِضِ تَأْوِيلَ مَنْ حرَّف هَذَا الْخَبَرَ عَنْ جِهَتِهِ وَزَعَمَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّمَا أَمَرَ هَذَا الْمُصَلِّيَ بِإِعَادَةِ الصَّلَاةِ لِشَيْءٍ عَلِمَهُ مِنْهُ مَا لَا نعلمه نحن

---

আরবী

2199 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدٌ بْنُ مُسَرْهَدٍ قَالَ: حَدَّثَنَا مُلَازِمُ بْنُ عَمْرٍو قَالَ: حَدَّثَنا عَبْدُ اللَّهِ بْنِ بَدْرٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَلِيِّ بْنِ شَيْبَانَ عَنْ أَبِيهِ: وَكَانَ أَحَدَ الْوَفْدِ قَالَ: (قَدِمْنَا عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَّيْنَا خَلْفَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا قَضَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاتَهُ إِذَا رَجُلٌ فَرْدٌ فَوَقَفَ عَلَيْهِ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى قَضَى الرَّجُلُ صَلَاتَهُ ثُمَّ قَالَ لَهُ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اسْتَقْبِلْ صَلَاتَكَ فإنه لا صلاة لفرد خلف الصف)

الراوي : عَلِيّ بن شَيْبَانَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2199 | خلاصة حكم المحدث: صحيح – ((الإرواء)) (2/ 328 و329)

বাংলা

২১৯৯. আলী বিন শাইবান, যিনি প্রতিনিধিদলের একজন ছিলেন, তিনি বলেন, “আমরা প্রতিনিধিদল হিসেবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে আসি, অতঃপর আমরা তাঁর পিছনে সালাত আদায় করি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন তাঁর সালাত শেষ করেন, তখন তিনি একাকী সালাত আদায়কারী এক ব্যক্তিকে দেখে তার সালাত শেষ করা অবধি দাঁড়িয়ে থাকলেন, তারপর তিনি তাকে বললেন, “তুমি নতুন করে

সালাত আদায় করো। কেননা কাতারের পিছনে একাকী কোন সালাত নেই।”[1]

## ফুটনোট

[1] ইবনু সা‘দ: ৫/৫৫১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/১৯৩; মুসনাদ আহমাদ: ৪/২৩; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/৩৯৪; ইবনু মাজাহ: ১০০৩; সুনান বাইহাকী: ৩/১০৫; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫৬৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ২/৩২৮-৩২৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আলী ইবনু শায়বান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91517

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন